গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৮.২৬.১৭৪ | তারিখ: ২৪/০৬/২০২৬

# বিজ্ঞপ্তি

## 'জাতীয় সমবায় পুরস্কার ২০২৫' এর মনোনয়ন আহ্বান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৫ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী **১৪টি** জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং **০৪ (চার) জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন মহিলা)** ২০২৫ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

**সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ**

১. **কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়:** কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;

২. **সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়:** সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;

৩. **উৎপাদনমুখী সমবায়:** দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;

৪. **ব্যবসায়ী সমবায়:** দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;

৫. **মুক্তিযোদ্ধা সমবায়:** মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;

৬. **বিত্তহীন, ভূমিহীন সমবায়:** বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;

৭. **মহিলা সমবায়:** মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;

৮. **পেশাভিত্তিক সমবায়:** মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/ট্যাক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;

৯. **গৃহায়ন/ বহুমুখী সমবায়:** গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;

১০. **বিশেষ ও অন্যান্য শ্রেণি:** যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

**আবেদন প্রক্রিয়া**

১. **আবেদন ফরম প্রাপ্তিস্থান:** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট **www.rdcd.gov.bd** এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট **www.coop.gov.bd** বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে পাওয়া যাবে।

২. **আবেদন ফরম জমা:** সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ১৫/০৭/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

মোঃ সেলিম ফকির, এনডিসি
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

ফরম-ক

জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায় সমিতি)
আবেদনের শ্রেণি/ক্যাটাগরি**

..........................................................................

১. সমবায় সমিতির নাম:

২. সমবায় সমিতির নিবন্ধন নম্বর ও তারিখ:

৩. সমবায় সমিতির ঠিকানা:

৪. ব্যবস্থাপনা কমিটির ধরন ও মেয়াদকাল:

৫. সমিতির অর্থনৈতিক অবস্থা—

ক) পরিশোধিত শেয়ার মূলধন (টাকায়) ..............................

খ) সংরক্ষিত তহবিল (টাকায়)........................

গ) মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল (টাকায়)......................

ঘ) সঞ্চয় আমানত (টাকায়)..............................

৬. নিরীক্ষা সম্পাদনের তারিখ:

৭. সর্বশেষ নিরীক্ষা বর্ষে অর্জিত নিট মুনাফা:

৮. সামাজিক কার্যক্রমের বিবরণ:

৯. নিজস্ব কর্মচারীর সংখ্যা (যদি থাকে):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

| | |
|---|---|
| সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপক/ম্যানেজারের | সভাপতির স্বাক্ষর.............................. |
| স্বাক্ষর............................................. | নাম:................................................ |
| নাম:................................................ | মোবাইল |
| মোবাইল নম্বর:.................................. | নম্বর:.................................... |
| ই-মেইল:........................................... | ই-মেইল:............................................ |
| তারিখ:............................................ | তারিখ:............................................. |

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোনো একটি উল্লেখ করতে হবে।

ফরম-খ

**জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায়ী)**

| আবেদনকারীর সাম্প্রতিককালে তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে (অনলাইনে আবেদনের ক্ষেত্রে JPG ফরমেটে ছবি সংযুক্ত করতে হবে)। |
|---|

১. আবেদনকারীর নাম (বাংলায়): ...............................................

ইংরেজিতে (বড় অক্ষরে): ...............................................

২. পিতার নাম : ...............................................

মাতার নাম : ...............................................

৩. ক) বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

খ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

৪. জাতীয় পরিচয়পত্র নম্বর (সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

৫. ক) জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): খ) বয়স (আবেদনের তারিখে):

৬. শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

৭. সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ ও বর্তমানে সমিতিতে পদবি:

৮. ব্যক্তিগত শেয়ারের মূল্য ও সঞ্চয় আমানতের পরিমাণ—

ক) শেয়ার (টাকায়):

খ) সঞ্চয় (টাকায়):

৯. ব্যক্তিগত ঋণ সংক্রান্ত তথ্যাদি—

ক) ঋণ গ্রহণের পরিমাণ (টাকায়):

খ) ঋণ পরিশোধের পরিমাণ (টাকায়):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর...............................

মোবাইল নম্বর:...............................

ই-মেইল: ...............................

তারিখ:...............................

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd